প্রতিদিনের বাংলাদেশ

ঢাকা বিশ্ববিদ্যালয়

উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলামের নেতৃত্বে ঢাবি শিক্ষকরা বৃহস্পতিবার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। প্রবা ফটো

যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস উদযাপন

ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রবা প্রতিবেদক

যথাযোগ্য মর্যাদায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিস্তারিত কর্মসূচি গ্রহণ করে। কর্মসূচির মধ্যে ছিল আলোচনা সভা, জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, বিশেষ মোনাজাত ও প্রার্থনা। গতকাল বৃহস্পতিবার সকাল ৬টায় বিশ্ববিদ্যালয়ের সব কেন্দ্রীয় ভবন, আবাসিক হল ও হোস্টেলে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এর আগে সকাল ৫টা ৪৫ মিনিটে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও অ্যালামনাইরা স্মৃতি চিরন্তন চত্বরে সমবেত হন। সেখান থেকে সকাল ৬টায় উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলামের নেতৃত্বে তারা জাতীয় স্মৃতিসৌধে গমন করে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন।

দিবসটি উপলক্ষে বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ 'মসজিদুল জামিআ'য় শহীদ বুদ্ধিজীবীদের রুহের মাগফিরাত কামনায় বিশেষ মোনাজাত করা হয়। অন্যান্য ধর্মীয় উপাসনালয়েও বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের কর্মচারী পরিবারের সন্তানদের মাঝে মিষ্টি বিতরণ করা হয়। এ উপলক্ষে সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে মুক্তিযুদ্ধভিত্তিক গান, কবিতা ও নৃত্য পরিবেশনের আয়োজন করা হয়েছে।

আগামী ২৯ মার্চ সকাল ১১টা ৩০ মিনিটে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম সভাপতিত্ব করবেন। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

The Financial Express

DU marks Independence Day with due solemnity

DU CORRESPONDENT

Dhaka University (DU) celebrated the Independence Day on Thursday (March 26, 2026) with due solemnity through a set of programmes, paying tributes to the spirit of the Liberation War.

The day began early in the morning with the hoisting of the national flag at 6:00 am across all central buildings, residential halls, and hostels of the university.

Prior to that, at 5:45 am, teachers, students, officials, employees, and alumni assembled at Smriti Chirantan Square.

From there, they proceeded in a solemn procession to the National Martyrs' Memorial under the leadership of Vice-Chancellor Professor Dr ABM Obaidul Islam, where they placed wreaths to honour the martyrs of the Liberation War.

Special prayers were offered after Zuhr prayers at the university's central mosque seeking eternal peace for the departed souls of the martyrs. Similar prayers were held at other places of worship. The authorities also distributed sweets among children of the university employees as part of the day's observances.

In the evening, a vibrant cultural programme was held at the Teacher-Student Centre (TSC) auditorium at 6:30 pm, featuring patriotic songs, recitations, and dance performances inspired by the Liberation War.

As part of the extended programme, a discussion titled "Significance of the Great Independence and National Day" is scheduled to be held on Sunday (March 29) at 11:30 am at the TSC auditorium, with the vice-chancellor in the chair.

Earlier, on March 25, the university observed Genocide Day commemorating the Black Night with due respect.

On Wednesday night, candles were lit at Smriti Chirantan Square under the leadership of the vice-chancellor to pay homage to the martyrs.

armanhossen7971@gmail.com

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

The Daily Observer

Dhaka University

The Dhaka Tribune

Dhaka University celebrated the Independence and National Day with due dignity yesterday. On this occasion, the Dhaka University authorities held programs including discussion meetings, wreath laying at the National Memorial, special prayers/prayer, etc

দৈনিক শিক্ষাডটকম

ঢাবির ভর্তিতে ‘সেকেন্ড টাইম’ নিয়ে উপাচার্যের নতুন বার্তা

দৈনিক শিক্ষাডটকম প্রতিবেদক
প্রকাশিত: ২৭ মার্চ, ২০২৬ ০৪:৫৫ অপরাহ্ন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভর্তি পরীক্ষায় 'সেকেন্ড টাইম' এর সুযোগ বন্ধ হয়েছে এক যুগ হয়েছে। এ নিয়ে এবার কথা বলেছেন বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেন, আগে কেন বন্ধ হয়েছিল এর দায়ভার আমরা বর্তমান প্রশাসন নিতে পারব না।

সেকেন্ড টাইম ফের চালু প্রসঙ্গে তিনি বলেন, এটি বিশ্ববিদ্যালয়ের বড় সিদ্ধান্ত। তাই এখনই এ বিষয়ে সিদ্ধান্ত দেওয়া সম্ভব না। এটি আমার একক সিদ্ধান্ত না। বিশ্ববিদ্যালয়ের বড় ডিসিশন এটি। এটা যারা আগে বন্ধ করেছেন নিশ্চয় কোন কারণে করেছেন, সেটা এখন দেখার বিষয়। যখন এই সিদ্ধান্ত হয় তখন আমি নিজেও বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন প্রতিকূল পরিবেশের মধ্যে ছিলাম।

তিনি আরও বলেন, ভর্তি পরীক্ষা নিয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বডি কাজ করে, সেসব বডির সাথে এখন আমি আলাপ করবো। যদি সম্ভব হয় কোনোভাবে ফিরিয়ে আনা যায় কিনা সেটা নিয়ে আমি কথা বলে দেখব। কিন্তু এখনই সিদ্ধান্ত দেওয়া সম্ভব না। এটি বড় একটা ডিসিশন।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) দ্বিতীয়বার ভর্তি পরীক্ষা (সেকেন্ড টাইম) ফের চালুর দাবিতে আন্দোলন কর্মসূচি ঘোষণা করেন একদল ভর্তিচ্ছু শিক্ষার্থীরা—প্রতিবছর ভর্তি পরীক্ষার মৌসুম আসলে সেটি দেখা যায়। সর্বশেষ গত অক্টোবরে কর্মসূচি ঘোষণা করতে দেখা গেছে।

জানা যায়, ২০১৪-১৫ শিক্ষাবর্ষ থেকে এই বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার (সেকেন্ড টাইম) ভর্তি পরীক্ষায় বসার সুযোগ বন্ধ রয়েছে। এ সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তিচ্ছুরা তখনও আন্দোলন করেছিল। এছাড়া এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে ২৬ জন ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবক আদালতে রিটও করেছিলেন। এরপরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের সিদ্ধান্তে অনড় রয়েছে।